দৈনিক বাংলা

তারিখ ... 23|3|78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

040

# আলজেরীয় সাহায্যে ঢাকায় পেট্রোলিয়াম ইন্সটিটিউট হবে

আলজেরিয়া ঢাকায় একটি পেট্রোলিয়াম ইন্সটিটিউট স্থাপনে বাংলাদেশকে সাহায্য করবে। পেট্রোবাংলার চেয়ারম্যান ডঃ নজরুল ইসলাম বুধবার একথা জানান।

সফররত আলজেরীয় প্রতিনিধিদলের সাথে আলোচনা শেষে ডঃ নজরুল বাসসকে জানান যে এই ইন্সটিটিউটে স্থানীয়ভাবে পেট্রোলিয়াম এবং গ্যাস উত্তোলন ও ব্যবহার সম্পর্কে বিশেষজ্ঞ, প্রকৌশলী ও কারিগরদের প্রশিক্ষণ দেয়া যাবে।

তিনি বলেন, প্রস্তাবিত এই ইন্সটিটিউট নির্মিত হলে তেল ও গ্যাস প্রযুক্তিতে বিদেশের ওপর নির্ভরশীলতা হ্রাস পাবে।

তিনি বলেন, এ ছাড়াও কারিগরি সহযোগিতা চুক্তির অধীনে আলজেরিয়া বাংলাদেশী প্রকৌশলী, ভূ-পদার্থবিদ, ভূতত্ত্ববিদ ও কারিগরদের আলজেরিয়ায় প্রশিক্ষণ দিচ্ছে।

সাত সদস্যের একটি আলজেরীয় পেট্রোলিয়াম প্রতিনিধিদল বর্তমানে বাংলাদেশ সফর করছেন। দলের নেতৃত্ব করছেন আলজেরীয় পেট্রোলিয়াম মন্ত্রীর উপদেষ্টা জনাব আবদুল কাদের ম্যাকাউ।